# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮১৬

২২/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২. রোগীর খাদ্য গ্রহণে সতর্কতা সম্পর্কে।

باب فِي الْحِمْيَةِ

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، وَأَبُو عَامِرٍ ـ وَهَذَا لَفْظُ أَبِي عَامِرٍ ـ عَنْ فُلَيْحِ بْنِ سُلَيْمَانَ، عَنْ أَيُّوبَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ صَعْصَعَةَ الأَنْصَارِيِّ، عَنْ يَعْقُوبَ بْنِ أَبِي يَعْقُوبَ، عَنْ أُمِّ الْمُنْذِرِ بِنْتِ قَيْسٍ الأَنْصَارِيَّةِ، قَالَتْ دَخَلَ عَلَىَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَمَعَهُ عَلِيٌّ عَلَيْهِ السَّلاَمُ وَعَلِيٌّ نَاقِهٌ وَلَنَا دَوَالِي مُعَلَّقَةٌ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَأْكُلُ مِنْهَا وَقَامَ عَلِيٌّ لِيَأْكُلَ فَطَفِقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ لِعَلِيٍّ " مَهْ إِنَّكَ نَاقِهٌ " . حَتَّى كَفَّ عَلِيٌّ عَلَيْهِ السَّلاَمُ . قَالَتْ وَصَنَعْتُ شَعِيرًا وَسِلْقًا فَجِئْتُ بِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا عَلِيُّ أَصِبْ مِنْ هَذَا فَهُوَ أَنْفَعُ لَكَ " .

বাংলা

৩৮১৬. হারুন ইবন আবদুল্লাহ (রহঃ) ..... উম্মু মুনযার বিনত কায়স আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট আসেন এবং সে সময় তাঁর সংগে আলী (রাঃ)-ও ছিলেন, যিনি অসুস্থতার কারণে দুর্বল ছিলেন। আমাদের নিকট খেজুরের কাঁদি টানান ছিল।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে তা থেকে খেজুর খেতে থাকেন। তখন আলী (রঃ) খেজুর খাওয়ার জন্য দাড়ালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে আলী! তুমি এখনো দুর্বল, কাজেই তুমি খেজুর খাওয়া হতে বিরত থাক। এ কথা শুনে আলী (রাঃ) তা খাওয়া হতে বিরত থাকেন।

উম্মু মুনযার (রাঃ) বলেনঃ এরপর আমি যব ও বীটচিনি দিয়ে খাদ্য প্রস্তুত করে তাঁর সামনে পেশ করি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলী (রাঃ) কে বলেনঃ হে আলী তুমি এটা খেতে পার এটা তোমার জন্য উপকারী।

## English

Narrated Umm al-Mundhar bint Qays al-Ansariyyah:

The Messenger of Allah (ﷺ) came to visit me, accompanied by Ali who was convalescing. We had some ripe dates hung up. The Messenger of Allah (ﷺ) got up and began to eat from them.

Ali also got up to eat, but the Messenger of Allah (ﷺ) said repeatedly to Ali: Stop, Ali, for you are convalescing, and Ali stopped.

She said: I then prepared some barley and beer-root and brought it. The Messenger of Allah (ﷺ) then said: Take some of this, Ali, for it will be more beneficial for you.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ উম্মুল মুনযির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35923

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন